দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 3-1-JAN 1989
পৃষ্ঠা ... 1 কলাম 3 ...

7

26

# শিক্ষক কমপ্লেক্স সম্পর্কে শীঘ্রই সিদ্ধান্ত হবেঃ প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, শিক্ষা হচ্ছে সুশৃংখল ও শক্তিশালী জাতি গঠনের শেষ ভরসা।

বাসস্র খবরে প্রকাশ, প্রেসিডেন্ট এরশাদ সোমবার ঢাকায় বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের অফিস ভবন উদ্বোধনকালে একথা বলেন। তিনি বলেন, শিক্ষা একটি জাতির অগ্রগতির একমাত্র হাতিয়ার। সমাজকে নিরক্ষরতা ও বিকৃত সংস্কৃতির অভিশাপ থেকে বাঁচানোরি একমাত্র হাতিয়ার।

ফেডারেশনের চেয়ারম্যান প্রেসিডেন্ট এরশাদ বলেন, শিক্ষক সমাজের সক্রিয় সহযোগিতা ও সমর্থন শিক্ষা বিস্তারের প্রধান শর্ত। শিক্ষিত সমাজ গঠনের জন্যে শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষাপ্রতি-

(৫-এর পৃঃ দ্রঃ)

## প্রেসিডেন্ট

( ১ম পৃঃ পর )

ষ্ঠান থেকে বিশৃংখলা দূর করার ক্ষেত্রে প্রধান সহায়ক উপাদান।

অনুষ্ঠানে প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা ও উপপ্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এবং ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যাপক এ কে এম শহীদুল্লাহও বক্তৃতা করেন।

এর আগে প্রেসিডেন্ট ফিতা কেটে ফেডারেশনের নয়া অফিস প্রাঙ্গণ উদ্বোধন করেন এবং মোনাজাত করেন। তিনি কিছুক্ষণ চেয়ারম্যানের জন্যে নির্দিষ্ট কক্ষে উপবেশনও করেন।

প্রেসিডেন্ট এরশাদ পুনরায় দৃঢ়তার সঙ্গে ঘোষণা করেন যে সরকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পবিত্রতা ফিরিয়ে আনতে এবং ছাত্রদের দেশের ভবিষ্যৎ প্রজন্ম হিসাবে গড়ে উঠতে সাহায্য করার জন্যে দৃঢ়সংকল্প।

ফেডারেশনের সদস্যদের তিনি আশ্বাস দেন, সমাজে শিক্ষকরা যাতে সুখে এবং শান্তিতে বাস করতে পারে তার ব্যবস্থা করা হবে। শিক্ষক সমাজের সমস্যাবলী পর্যালোচনার জন্যে ইতিমধ্যেই একটি কমিটি গঠিত হয়েছে।

একটি শিক্ষক কমপ্লেক্স গড়ে তোলার দাবী প্রসঙ্গে প্রেসিডেন্ট এরশাদ বলেন, তিনি এই প্রস্তাবিত কমপ্লেক্সের খুঁটিনাটি জানতে চান। শীগগীরই এ সম্পর্কে একটি সিদ্ধান্ত নেয়া হবে।

সদস্যদের চাঁদার মাধ্যমে তিনি ফেডারেশনের একটি তহবিল গড়ে তোলার আহবানও জানান।